# গ্রাম উন্নয়ন ত্রৈমাসিক বাংলা বুলেটিন

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

৩৩ বর্ষ : ১ম সংখ্যা ॥ জানুয়ারি-মার্চ ২০২৫


## বার্ড-এ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপিত



*২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে জাতীয় পতাকা উত্তোলন করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ।*

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ উদযাপিত হয়েছে। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে জাতীয় পতাকা উত্তোলন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপনের অংশ হিসেবে বার্ড জামে মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। এছাড়া দিবসটি উদযাপন উপলক্ষ্যে বার্ড ক্যাম্পাসে বর্ণিল সাজ ও আলোকসজ্জা করা হয়।

গণহত্যা দিবস উদযাপনের লক্ষ্যে ২৫ মার্চ কালোরাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত, মিলাদ মাহফিল ও প্রতীকী ব্লাকআউট করা হয়।

## বার্ড-এ স্বাস্থ্য ক্যাডারের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

অদ্য ২৫ মার্চ ২০২৫ তারিখে বার্ড, কুমিল্লা কর্তৃক বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত ১৮১ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে সফলভাবে প্রশিক্ষণ কোর্সটি সমাপ্তি করার জন্য সকল প্রশিক্ষণার্থীদের অভিনন্দন জানান এবং প্রশিক্ষণ কোর্স থেকে লব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে কাজে লাগানোর জন্য সবাইকে অনুরোধ করেন। চাকুরী জীবনে প্রশাসনিক বিষয়গুলো পরিচালনা করার ক্ষেত্রে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের গুরুত্ব রয়েছে বলে তিনি উল্লেখ করেন। ডাক্তারগণ যেহেতু সরাসরি জনগণের সেবক, সেহেতু সবাই যাতে তাদের কাঙ্ক্ষিত সেবা পায় সে ব্যাপারে গুরুত্ব আরোপ করেন এবং সুস্থ, সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে ডাক্তারদের ভূমিকা অপরিসীম, তা তিনি তুলে ধরেন। সমাপনী অধিবেশনে আরও বক্তব্য রাখেন বার্ডের পরিচালক (প্রশিক্ষণ) জনাব আবদুল্লাহ আল মামুন। কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব সালাহ উদ্দিন ইবনে সাঈদ, পরিচালক, বার্ড। এছাড়া কোর্স সমন্বয়ক এবং সহকারী কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে জনাব আয়মা মাহমুদা, যুগ্মপরিচালক এবং জনাব রহমত উল্লাহ, সহকারী পরিচালক, বার্ড। উল্লেখ্য যে, কোর্সটিতে স্বাস্থ্য ক্যাডারের ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন।




*১৮১তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে পদকপ্রাপ্তদের সাথে বার্ড-এর অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম এবং কোর্স প্রশাসন।*

# বার্ড-এ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত




*নিপোর্ট-এর বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে পদকপ্রাপ্তদের সাথে বার্ড-এর মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক ডা. আশরাফী আহমদ, এনডিসি, এবং কোর্স প্রশাসন।*

অদ্য ১২ মার্চ ২০২৫ তারিখে বার্ড, কুমিল্লা কর্তৃক জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর কর্মকর্তাদের জন্য আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. আশরাফী আহমদ, এনডিসি, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং প্রাক্তন মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে সফলভাবে প্রশিক্ষণ কোর্সটি সমাপ্তি করার জন্য সকল প্রশিক্ষণার্থীদের অভিনন্দন জানান এবং প্রশিক্ষণ কোর্স থেকে লব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে কাজে লাগানোর জন্য সবাইকে অনুরোধ করেন। চাকুরী জীবনে প্রশাসনিক বিষয়গুলো পরিচালনা করার ক্ষেত্রে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের গুরুত্ব রয়েছে বলে তিনি উল্লেখ করেন। সমাপনী অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ গাজী সামছুল আলম, উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট। সমাপনী অধিবেশনে আরও বক্তব্য রাখেন বার্ডের পরিচালক (প্রশিক্ষণ) জনাব আবদুল্লাহ আল মামুন। কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্মপরিচালক এবং সহকারী কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব আব্দুল্লা-আল-মামুন, সহকারী পরিচালক, বার্ড। এছাড়া কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন জনাব রাখি নন্দী, উপপরিচালক, বার্ড। উক্ত কোর্সে ডিরেক্টর জেনারেল অ্যাওয়ার্ড অর্জন করেন জনাব আকলিমা বেগম, সহকারী পরিচালক, নিপোর্ট। উল্লেখ্য যে, গত ১২ জানুয়ারি ২০২৫ তারিখে শুরু হওয়া কোর্সটিতে নিপোর্ট-এর ৩৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

# বার্ডে আন্তর্জাতিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমিতে দুই দিন ব্যাপী ১০ম আন্তর্জাতিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৫ অনুষ্ঠিত এই সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় 'Governance Education Nexus for Sustainable Environment'। উক্ত গবেষণা সম্মেলনে ১৩টি মূল প্রবন্ধ উপস্থাপন করেন ১৩ জন স্বনামধন্য গবেষক। এছাড়াও বাংলাদেশ, যুক্তরাষ্ট্র, নরওয়ে, ফিনল্যান্ড, অষ্ট্রেলিয়া, যুক্তরাজ্য, চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ ও নবীন গবেষকগণ মোট ৯৬টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এস এম এ ফায়েজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। গবেষণা সম্মেলনের সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোখলেস উর রহমান।

উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন বার্ড একটি উপযুক্ত কেন্দ্র। কারণ এই প্রতিষ্ঠানটি এই দেশে জ্ঞানের প্রায়োগিক চর্চার সুত্রপাত করেছে। তাছাড়া কুমিল্লার এই ময়নামতি-লালমাই এলাকাটিতে জ্ঞানের চর্চা শুরু হয়েছে ৭ম বা ৮ম শতকে। ফলে, এখানে জ্ঞানের চর্চার একটি আবহ রয়েছে। উক্ত সম্মেলনের আহবায়কের দায়িত্ব পালন করছেন অধ্যাপক আ.কা. ফিরোজ আহমেদ। উদ্বোধনী অধিবেশনে মঞ্চে আরও উপবিষ্ট ছিলেন জনাব সাইফ উদ্দিন আহমেদ, মহাপরিচালক, বার্ড, ড. চিয়াওচুন, অধ্যাপক, পিকিং বিশ্ববিদ্যালয়, মেজর জেনারেল মোঃ হাবিব উল্লাহ, চেয়ারম্যান, সেনা কল্যাণ সংস্থা এবং জনাব মোঃ মাহমুদ হাসান, ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন। বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ উদ্বোধনী বক্তৃতায় বলেন, এই সম্মেলনের সহযোগী এবং মূল কেন্দ্র হিসেবে বার্ড সম্পৃক্ত হতে পেরে গৌরবান্বিত।




*আন্তর্জাতিক গবেষণা সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এস এম এ ফায়েজ।*

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত



*ভাষা শহিদগণের প্রতি শ্রদ্ধা জানিয়ে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বার্ড-এর মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ।*

অদ্য ২১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপিত হয়েছে। ভোরে জাতীয় পতাকা উত্তোলনের (অর্ধনমিত) মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচির সূচনা হয়। ১৯৫২ সালের ভাষা শহিদগণের প্রতি শ্রদ্ধা জানিয়ে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বার্ড-এর মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষার্থীদের নিয়ে প্রভাত ফেরির আয়োজন করা হয়। এ দিবস উদযাপন উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণের আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বার্ড-এর মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। এছাড়া আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বার্ড-এ চলমান বুনিয়াদি ও বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষার্থী। বক্তাগণ বাংলা ভাষার জন্য ভাষা শহিদগণের ত্যাগের মহিমা তুলে ধরেন। এছাড়াও শহিদগণের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বার্ড জামে মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।

## বার্ড-এ স্বাস্থ্য ক্যাডারের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

অদ্য ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে বার্ড, কুমিল্লা কর্তৃক বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত ১৮০ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে সফলভাবে প্রশিক্ষণ কোর্সটি সমাপ্তি করার জন্য সকল প্রশিক্ষণার্থীদের অভিনন্দন জানান এবং প্রশিক্ষণ কোর্স থেকে লব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে কাজে লাগানোর জন্য সবাইকে অনুরোধ করেন। চাকুরী জীবনে প্রশাসনিক বিষয়গুলো পরিচালনা করার ক্ষেত্রে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের গুরুত্ব রয়েছে বলে তিনি উল্লেখ করেন। ডাক্তারগণ যেহেতু সরাসরি জনগণের সেবক, সেহেতু সবাই যাতে তাদের কাংখিত সেবা পায় সে ব্যাপারে গুরুত্ব আরোপ করেন এবং সুস্থ, সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে ডাক্তারদের ভূমিকা অপরিসীম, তা তিনি তুলে ধরেন। সমাপনী অধিবেশনে আরও বক্তব্য রাখেন বার্ডের পরিচালক (প্রশিক্ষণ) জনাব আবদুল্লাহ আল মামুন। কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব আইরীন পারভিন, পরিচালক (প্রশাসন), বার্ড। এছাড়া কোর্স সমন্বয়ক এবং সহকারী কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে জনাব জোনায়েদ রহিম, যুগ্মপরিচালক এবং জনাব মোঃ বাবু হোসেন, সহকারী পরিচালক, বার্ড। উক্ত কোর্সে ডিরেক্টর জেনারেল অ্যাওয়ার্ড অর্জন করেন ডা. সিরাজুম মুনিরা, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তারাশ, সিরাজগঞ্জ। উল্লেখ্য যে, গত ০১ ডিসেম্বর ২০২৪ তারিখে শুরু হওয়া কোর্সটিতে স্বাস্থ্য ক্যাডারের ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন।



*১৮০তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে পদকপ্রাপ্তদের সাথে বার্ড-এর অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম এবং কোর্স প্রশাসন।*

# একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম (জানুয়ারি-মার্চ ২০২৫)

বার্ডের প্রধান কার্যক্রমের মধ্যে প্রশিক্ষণ অন্যতম। প্রতিবছর নানা ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হয়ে থাকে। এ সকল প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে রয়েছে বুনিয়াদি ও বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ, উদ্যোক্তা সংস্থার অর্থায়নে বিশেষায়িত প্রশিক্ষণ, পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক সংযুক্তি কর্মসূচি, অবহিতকরণ ও পরিদর্শন কর্মসূচি, বার্ডের রাজস্ব খাতের প্রকল্পসমূহের সুফলভোগীদের জন্য বিভিন্ন দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ইত্যাদি। এছাড়া বার্ড সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ ইত্যাদি নিয়মিতভাবে আয়োজন করে থাকে। চলতি ২০২৪-২৫ অর্থবছরের **জানুয়ারি-মার্চ ২০২৫খ্রিস্টাব্দ** সময়ে বার্ড বিভিন্ন ধরনের সর্বমোট **৩১টি** প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার/অবহিতকরণ কর্মসূচি পরিচালনা করেছে। এসব কোর্স/কর্মশালা/সেমিনার/ অবহিতকরণ কর্মসূচিতে **১০১৫ জন পুরুষ ও ৬১০ জন মহিলাসহ মোট ১৬২৫ জন** অংশগ্রহণ করেন। নিম্নে বার্ডের **জানুয়ারি-মার্চ ২০২৫** খ্রিস্টাব্দ সময়ে আয়োজিত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার/অবহিতকরণ কর্মসূচির বিস্তারিত বিবরণ তুলে ধরা হলো:

| ক্রঃ নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোক্তা সংস্থা/ এজেন্সীর নাম | সংশ্লিষ্ট সংস্থা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **আন্তর্জাতিক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা** | | | | | | |
| ১ | 10th International Integrative Research Conference on Governance in Society, Business and Environment | ২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৫ | BARD, DU, Stamford University | ১১৭ | ৫৮ | ১৭৫ |
| **জাতীয় পর্যায়েঃ** | | | | | | |
| ১ | **বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ১.১ | নিপোর্ট কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ১২ জানুয়ারি - ১২ মার্চ ২০২৫ | নিপোর্ট | ২০ | ১৪ | ৩৪ |
| ২ | **বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ২.১ | ১৭৯তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৪ নভেম্বর ২০২৪ - ২২ জানুয়ারি ২০২৫ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৮ | ২২ | ৫০ |
| ২.২ | ১৮০তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ০১ ডিসেম্বর ২০২৪ - ২৯ জানুয়ারি ২০২৫ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৬ | ২৪ | ৫০ |
| ২.৩ | ১৮১তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৫ জানুয়ারি - ২৫ মার্চ ২০২৫ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৯ | ২১ | ৫০ |
| ২.৪ | ১৮২তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ০৯ ফেব্রুয়ারি - ০৯ এপ্রিল ২০২৫ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৫ | ২৫ | ৫০ |
| ৩ | **সংযুক্তি কর্মসূচি** | | | | | |
| ৩.১ | 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি | ২৯ ডিসেম্বর ২০২৪ - ০২ জানুয়ারি ২০২৫ | বিয়াম ফাউন্ডেশন, বগুড়া | ৪১ | ০৯ | ?৫০ |
| ৩.২ | দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি (এএফ শাখা, সেকশন-এ) | ১২-১৬ জানুয়ারি ২০২৫ | বিপিএটিসি | ৩৯ | ১৫ | ৫৪ |
| ৩.৩ | দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি (এএফ শাখা, সেকশন-বি) | ১২-১৬ জানুয়ারি ২০২৫ | বিপিএটিসি | ৩৫ | ১৪ | ৪৯ |
| ৩.৪ | দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি (জিএল শাখা, সেকশন-এ) | ২৬-৩০ জানুয়ারি ২০২৫ | বিপিএটিসি | ৪০ | ১৪ | ৫৪ |
| ৩.৫ | দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি (জিএল শাখা, সেকশন-বি) | ২৬-৩০ জানুয়ারি ২০২৫ | বিপিএটিসি | ৩০ | ১৪ | ?? |
| ৩.৬ | 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি | ১১-১৩ ফেব্রুয়ারি ২০২৫ | গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয় | ৬৫ | ২৮ | ৯৩ |
| ৩.৭ | 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি | ১৫-১৮ ফেব্রুয়ারি ২০২৫ | কুমিল্লা বিশ্ববিদ্যালয় | ২৬ | ৩২ | ৫৮ |
| ৩.৮ | 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি | ২৫-২৭ ফেব্রুয়ারি ২০২৫ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ৮২ | ৫৯ | ১৪১ |
| ৪ | **ইনহাউজ প্রশিক্ষণ কোর্স** | x | | | | x |

| ক্রঃ নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোক্তা সংস্থা/ এজেন্সীর নাম | সংশ্লিষ্ট সংস্থা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫ | বার্ডের স্ব-উদ্যোগে পরিচালিত প্রশিক্ষণ কোর্স | x | | | | x |
| ৬ | অন্যান্য সংস্থার অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণ কোর্স | | | | | |
| ৬.১ | 'সঞ্জিবনী' প্রশিক্ষণ কোর্স (১ম ব্যাচ) | ১৯-২৩ জানুয়ারি ২০২৫ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ২২ | ৩ | ২৫ |
| ৬.২ | 'সঞ্জিবনী' প্রশিক্ষণ কোর্স (১ম ব্যাচ) | ০২-০৪ ফেব্রুয়ারি ২০২৫ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ২৪ | ১৪ | ৩৮ |
| ৬.৩ | 'সঞ্জিবনী' প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ) | ০৯-১১ ফেব্রুয়ারি ২০২৫ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ৩২ | ১৪ | ৪৬ |
| ৬.৪ | 'সঞ্জিবনী' প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ) | ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ২৫ | ০ | ২৫ |
| ৬.৫ | Advanced Training on Climate Change Issues (Batch-7) | ০৩-০৪ ফেব্রুয়ারি ২০২৫ | UNDP | ১৭ | ১১ | ২৮ |
| ৬.৬ | "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় উপজেলা ডেভেলপমেন্টফ্যাসিলিটেটর (ইউডিএফ)-দের জন্য আয়োজিত জবভৎবংযবৎং ডড়ৎশংযড়ঢ়-১ম ব্যাচ) | ২০-২১ ফেব্রুয়ারি ২০২৫ | UGDP | ৪৫ | ৫ | ৫০ |
| ৬.৭ | .....ঐ... (২য় ব্যাচ) | ২১-২২ ফেব্রুয়ারি ২০২৫ | UGDP | ৩১ | ১১ | ৪২ |
| ৭ | বার্ড-এর প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রশিক্ষণ কোর্স | | | | | |
| ৭.১ | টেইলারিং ও গার্মেন্টস ম্যানুফেকচারিং এবং ফ্যাশন ডিজাইনিং বিষয়ক প্রশিক্ষণ | ৩০ ডিসেম্বর ২০২৪ - ০৮ জানুয়ারি ২০২৫ | RWSEEDE Project, BARD | ০ | ৩২ | ৩২ |
| ৭.২ | উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৪-০৬ ফেব্রুয়ারি ২০২৫ | রুরাল লাইভলিহুড প্রকল্প | ১৩ | ২৭ | ৪০ |
| ৭.৩ | গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর আত্মপরিচর্যা, প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং কেয়ার গিভার তৈরী বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ | গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী বিষয়ক প্রকল্প, বার্ড | ০ | ২০ | ২০ |
| ৭.৪ | কৃষি উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা | ১৩ ফেব্রুয়ারি ২০২৫ | RWSEEDE, Project, BARD | ১০ | ২৫ | ৩৫ |
| ৭.৫ | আধুনিক পদ্ধতিতে হাঁস-মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ১৭-১৯ মার্চ ২০২৫ | রুরাল লাইভলিহুড প্রকল্প | ১৯ | ১৬ | ৩৫ |
| ৮ | অবহিতকরণ কর্মসূচি | | | | | |
| ৮.১ | ৫৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (বিসিএস স্বাস্থ্য)-এর প্রশিক্ষণার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ০৭ জানুয়ারি ২০২৫ | আইসিএমএইচ | ২৯ | ১১ | ৪০ |
| ৮.২ | ৫৬তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (বিসিএস স্বাস্থ্য)-এর প্রশিক্ষণার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ০৮ জানুয়ারি ২০২৫ | আইসিএমএইচ | ২৬ | ১৪ | ৪০ |
| ৮.৩ | সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দি কলেজের শিক্ষার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ১৮ ফেব্রুয়ারি ২০২৫ | সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দি কলেজ | ১৮ | ১৮ | ৩৬ |
| ৮.৪ | এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ২৬ ফেব্রুয়ারি ২০২৫ | এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় | ৫৫ | ১৯ | ৭৪ |
| ৯ | কর্মশালা | x | | | | x |
| ১০ | সেমিনার | | | | | |
| ১০.১ | Seminar on, Women in Local Government in Bangladesh: Challenges, Opportunities and way Forward | ০১ মার্চ ২০২৫ | বার্ড | ৪৬ | ২১ | ৬৭ |
| | | | সর্বমোট ৩১ টি = | ১০১৫ | ৩১০ | ১৬২৫ |

# বার্ডে চলমান প্রকল্পসমূহের অগ্রগতির বিবরণ
## জানুয়ারি-মার্চ ২০২৫

প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) পল্লী উন্নয়নের উদ্ভাবনী এবং টেকসই মডেল তৈরির লক্ষ্যে তার কাজের ম্যান্ডেট অনুযায়ী প্রায়োগিক গবেষণা পরিচালনা করে আসছে। এটি বার্ডের তিনটি প্রধান কাজের মধ্যে অন্যতম একটি। প্রায়োগিক গবেষণার প্রধান বৈশিষ্ট্য হল বৃহত্তর স্কেলে উন্নয়ন ধারণাগুলিকে প্রয়োগ করার পূর্বে ধারণাগুলির ব্যবহারিক উপযোগ সম্পর্কে আরও অন্তর্দৃষ্টি পেতে ছোট পরিসরে ধারণাগুলি পরীক্ষা করে দেখা। বার্ড এর প্রায়োগিক গবেষণা গ্রামীণ এলাকায় বিদ্যমান সমস্যাগুলির সম্ভাব্য সমাধান খুঁজে পেতে কার্যকর পন্থা প্রদান করে থাকে। উল্লেখ্য, পল্লী উন্নয়নের বিখ্যাত কুমিল্লা মডেলটি বার্ডের প্রায়োগিক গবেষণার ফলাফল। বার্ডের প্রায়োগিক গবেষণার সফল ফলাফলের স্বরূপ ইতোমধ্যে বেশ কয়েকটি জাতীয় প্রতিষ্ঠান গড়ে উঠেছে। তারই ধারাবাহিকতায় বার্ডের কর্মপ্রচেষ্টা অব্যাহত আছে। চলতি ২০২৪-২৫ অর্থবছরে ১৭ টি রাজস্বখাতভুক্ত প্রায়োগিক গবেষণা বাস্তবায়নাধীন রয়েছে।

**২০২৪-২৫ অর্থবছরে বার্ডের চলমান প্রকল্প/প্রায়োগিক গবেষণা**

| ক্র. নং | প্রকল্প/প্রায়োগিক গবেষণা শিরোনাম | বাস্তবায়নকাল | প্রায়োগিক গবেষক |
|---|---|---|---|
| বার্ডের রাজস্বরখাতভূক্ত প্রয়োগিক গবেষণাসমূহ | | | |
| ১. প্রদর্শনী এবং সম্প্রসারণ | | | |
| ১.১ | "বার্ড প্রদর্শনী দুগ্ধ, ছাগল ও পোল্ট্রি খামার" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই,২০১৫-জুন, ২০২৫ | জনাব মোঃ বাবু হোসেন |
| ১.২ | "মাশরুম উন্নয়ন ও চাষ" প্রায়োগিক গবেষণা | জুলাই,২০১৫ -জুন, ২০২৫ | ড. মোঃ আনোয়ার হোসেন ভূইয়া<br>জনাব মোঃ বাবু হোসেন |
| ১.৩ | "বার্ড প্রদর্শনী মৎস্য খামার" বিষয়ক প্রায়োগিক গবেষণা | নভেম্বর, ২০১৮-জুন, ২০২৫ | জনাব মোঃ ফারুক হোসেন |
| ১.৪ | "বার্ড ক্যাম্পাসে-ট্রাইকো কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং ব্যবসায়িক মডেল বিকাশ" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২০- জুন, ২০২৫ | ড. শিশির কুমার<br>জনাব মোঃ সালেহ আহমেদ<br>জনাব রহমত উলাহ |
| ২. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উন্নয়ন | | | |
| ২.১ | "গ্রাম সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পলী এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই,২০১৬- জুন, ২০২৫ | জনাব আবদুলাহ আল মামুন<br>জনাব মোঃ সালেহ আহমেদ<br>জনাব রহমত উলাহ |
| ২.২ | "কুমিলার হাতে বোনা খাদি শিল্পের বাজার সম্প্রসারণ ও সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই,২০২২-জুন, ২০২৫ | ড. শেখ মাসুদুর রহমান<br>জনাব কাজী সোনিয়া রহমান |
| ২.৩ | "জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) স্থানীয়করণে বাস্তবায়নযোগ্য মডেল তৈরী" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২১- জুন, ২০২৫ | জনাব আইরীন পারভিন<br>জনাব ফৌজিয়া নাসরিন সুলতানা<br>জনাব মোঃ জয়নাল আবেদিন |
| ২.৪ | "পলী এলাকায় উন্নত সেবা সরবরাহে ই-পরিষদ" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০০৯- জুন, ২০২৫ | জনাব ফৌজিয়া নাসরিন সুলতানা<br>জনাব মোঃ আমিনুল ইসলাম |
| ২.৫ | "কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২০ - জুন, ২০২৫ | জনাব আবদুলাহ আল হুসাইন<br>জনাব কাজী ফয়েজ আহমেদ |
| ২.৬ | "গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কম্যুনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান জোরদারকরণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২২ - জুন, ২০২৫ | জনাব কাজী সোনিয়া রহমান<br>জনাব ফরিদা ইয়াসমিন |
| ২.৭ | "গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ১৯৯৩ -জুন, ২০২৫ | জনাব সাইফুন নাহার<br>জনাব শারমিন শাহরিয়া |
| ৩. উৎপাদনশীলতা বৃদ্ধির পদ্ধতি প্রবর্তন | | | |
| ৩.১ | "কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা" শীষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০১৯- জুন, ২০২৫ | ড. শিশির কুমার মুন্সি<br>জনাব মোঃ বাবু হোসেন |
| ৩.২ | "কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে পাবনভূমিতে মৎস্য চাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০১৯- জুন, ২০২৫ | জনাব আবদুলাহ আল মামুন<br>জনাব মোঃ সালেহ আহমেদ |
| ৩.৩ | "গ্রাম উন্নয়ন সংগঠনের মাধ্যমে কৃষি উদ্যোক্তা সৃজন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২৪ - জুন, ২০২৭ | ড. মোঃ আনোয়ার হোসেন ভূইয়া<br>জনাব সালাহ উদ্দিন ইবনে সাঈদ<br>জনাব আয়মা মাহমুদা |
| ৩.৪ | "অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জানুয়ারি, ২০২০ - জুন, ২০২৫ | জনাব মোঃ রিয়াজ মাহমুদ<br>জনাব মোঃ জয়নাল আবেদিন |
| ৩.৫ | "গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ | জনাব জোনায়েদ রহিম<br>জনাব আব্দুলা-আল-মামুন |
| ৩.৬ | "বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি উপকরণ সহায়তা" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২৪ - জুন ২০২৫ | জনাব মোঃ আবু তালেব<br>জনাব সাইফুন নাহার |

**প্রকল্পের ত্রৈমাসিক অগ্রগতির বিবরনী**

**১. প্রদর্শনী এবং সম্প্রসারণ**

**১.১ শিরোনাম: বার্ড প্রদর্শনীঃ ডেইরি, পোল্ট্রি ও ছাগলের খামার শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** আধুনিক পদ্ধতিতে গরু ছাগল ও হাঁস-মুরগি পালন ও প্রদর্শন, প্রাণিসম্পদ বিষয়ে বিভিন্ন ধরনের গবেষণা পরিচালনা, এবং মানসম্মত ও টেকসই প্রাণিজ পন্য উৎপাদন ও খামারি পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** খামারে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অধিক উৎপাদনশীল গাভী ও বকনা বাছুর ক্রয়ের উদ্যোগ গ্রহন করা হয়েছে। হাঁস পালনের উদ্দেশ্যে খামারে হাঁসের ঘরের মেঝে ও বেড়া মেরামত কাজ সম্পন্ন হয়েছে। প্রয়োজনানুযায়ী মালামাল ক্রয় করা হচ্ছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ২০.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ৭.৬৩ লক্ষ টাকা।

**১.২ শিরোনাম: "মাশরুম উন্নয়ন ও চাষ" শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** টিস্যু কালচার পদ্ধতিতে মাশরুমের বীজ (পিউর কালচার) উৎপাদন ও সংরক্ষণ, পিউর কালচার থেকে মাদার কালচার তৈরি করা এবং মাদার কালচার থেকে বাণিজ্যিক স্পন তৈরি করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষণ ও উদ্যোক্তা সৃজন বিষয়ক কম্পোনেন্টের আওতায় "মাশরুম উৎপাদন ও বিপণন" শীর্ষক ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠান করা হয়েছে। মাশরুম স্পন উৎপাদনের প্রয়োজনীয় কাঁচামালের (কাঠের গুড়া, ভূষি, তুষ, চুন, ইউথেন পিপি, নেক ও রাবার) ক্রয়ের ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৬% সম্পন্ন হয়েছে। মাদারস্পন ও বাণিজ্যিক স্পন ক্রয়ের অগ্রগতি প্রায় ৪০%। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৩.৫০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ২.৮০ লক্ষ টাকা।

**১.৩ শিরোনাম: 'বার্ড প্রদর্শনী মৎস্য খামার' শীর্ষক প্রায়োগিক গবেষণা উদ্দেশ্য: আধুনিক মৎস্যচাষ প্রযুক্তির সম্প্রসারণ ও গুণগত মানের পোনা উৎপাদনের জন্য আধুনিক সুবিধা সম্পন্ন একটি প্রদর্শনী মৎস্য খামার গড়ে তোলা এই প্রায়োগিক গবেষণার প্রধান উদ্দেশ্য।**

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাসের দক্ষিণ-পূর্ব পার্শ্বস্থ প্রদর্শনী মৎস্য খামার এলাকা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রদর্শনী পুকুরে গুণগত মানসম্পন্ন কার্প জাতীয় মাছের পোনা উৎপাদনের জন্য রুই, মৃগেল এবং বৃগহেড মাছের রেনু পোনা ছাড়ার পর লালন-পালন অব্যাহত রয়েছে। ২০০ কেজি রুই-মৃগেল মাছ বিক্রয় করা হয়েছে। ১ম কোয়ার্টারে বায়োফক ইউনিটে প্রায় ৭০০টি ছোট মনোসেক্স তেলাপিয়া মাছের পোনা ছাড়া হয়েছে এবং মার্চ মাসে ১০১ কেজি মাছ বিক্রি করা হয়েছে। শীতকালীন সবজি হিসেবে চেরী টমেটোর চারা এবং পুদিনা পাতা লাগানো হয়েছে এবং পরিচর্যা চলছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৩.৫০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২.৫০ লক্ষ টাকা।

**১.৪ শিরোনাম :বার্ড ক্যাম্পাসে ট্রাইকো কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং ব্যবসায়িক মডেল বিকাশ শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** বার্ড, ক্যাম্পাসে ট্রাইকো-কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং এর ফলাফল প্রচলিত অন্যান্য কম্পোস্টের সাথে তুলনা করে ট্রাইকো-কম্পোস্টের মান মূল্যায়ন করা। গ্রামে ট্রাইকো-কম্পোস্ট প্লট স্থাপন করার মাধ্যমে ট্রাইকো কম্পোস্ট উৎপাদন ও সম্প্রসারণকরণ।

প্রায়োগিক গবেষণা এলাকা: বার্ড ক্যাম্পাস এবং ২টি গ্রাম সমিতি।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষণ কম্পোনেন্টের আওতায় ট্রাইকোকম্পোস্ট তৈরি ও প্রয়োগ কৌশল বিষয়ক ০৫টি প্রশিক্ষণ কোর্স আয়োজনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। প্রদর্শনী প্লটের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গোবর, সাসপেনশন ও অন্যান্য উপকরন ক্রয় আব্যাহত আছে। এছাড়াও প্রযুক্তিটি সম্প্রসারনের লক্ষ্যে ০১টি প্লান্ট স্থাপনে উদ্যোগ গ্রহন করা হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৭.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২.২১ লক্ষ টাকা।

**২. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উন্নয়ন**

**২.১ শিরোনাম : "গ্রাম সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পল্লী এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন" বিষয়ক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** গ্রামের মানুষকে সংগঠিত করে ইউনিয়ন পরিষদের সরাসরি তত্ত্বাবধানে আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ০৪ নং খোসবাস ইউনিয়ন।

অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫): প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষন কম্পোনেন্টের আওতায় "আধুনিক পদ্ধতিতে হাস-মুরগি ও গবাদি পশু পালন' বিষয়ে ০১টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয়; যেখানে ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। প্রায়োগিক গবেষণাটির সঞ্চয় ও ঋণ কার্যক্রম কম্পোনেন্টের অধীনে ২য় ত্রৈমাসিকে সুফলভোগীদের মাঝে ২.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ১০.২৪ লক্ষ টাকা ঋণ আদায় হয়। সমিতির মোট সঞ্চয়ের পরিমান ৪২.১৫ লক্ষ টাকা। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১৩.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ৬.০০ লক্ষ টাকা।

**২.২ শিরোনাম :** "কুমিল্লার হাতে বোনা খাদি শিল্পের বাজার সম্প্রসারণ ও সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা।

**উদ্দেশ্যঃ** চরকা দিয়ে সুতা কাটা নারী শ্রমিক এবং হস্ত নির্ভর খাদি শিল্পীদের সুসংগঠিত করে গুণগত সুতা ও কাপড় উৎপাদন করা। চারু-কারু শিল্পের সহায়তায় উৎপাদিত খাদি কাপড়ের মূল্য সংযোজন করে ন্যায্যমূল্যে বিক্রির ব্যবস্থা করা। সুফলভোগীদের মধ্য থেকে নব্য খাদি শিল্পী বা উদ্যোক্তা তৈরী করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা: কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলা।**

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** সুতা থেকে ৭২৫ গজ খাদিকাপড় বোনা হয়েছে। ১০৫০ গজ খাদিকাপড় দিয়ে চূড়ান্ত খাদিপণ্য তৈরি সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ০৭.০০ লক্ষ টাকা।

**২.৩ শিরোনাম : জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) স্থানীয়করণে বাস্তবায়নযোগ্য মডেল তৈরী বিষয়ক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** প্রকল্পটির উদ্দেশ্য হলো টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও জনগণের মধ্যে সচেতনতা তৈরী, গ্রাম বা ওয়ার্ড বা ইউনিয়নের জন্য সকল জনগণের মতামতের ভিত্তিতে এলাকার এসডিজি অগ্রাধিকার সূচকসমূহ নির্ণয় এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে জনঅংশগ্রহণের ধরণ (ব্যক্তিশ্রম, অর্থ, অন্যান্য সম্পদ) চিহ্নিতকরণ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার অন্তর্গত কাশিনগর ইউনিয়ন পরিষদ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** সম্প্রতি প্রায়োগিক গবেষক টিম উজিরপুর ইউনিয়নের অন্তর্গত মিয়া বাজার পরিদর্শন করে। প্রায়োগিক গবেষণাটির অধীনে বাজারের বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১০.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১.৬৫ লক্ষ টাকা।

**২.৪ শিরোনাম : পল্লী এলাকায় উন্নত সেবা সরবরাহে ই-পরিষদ বিষয়ক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** ইউনিয়ন পরিষদের নাগরিক সেবা প্রদান কার্যক্রম সহজীকরণের জন্য ইউনিয়ন পরিষদে ই-গভার্নেন্স বাস্তবায়ন, পাঁচশালা পরিকল্পনা গ্রহণ জনসম্পৃক্তকরণ ও ইউনিয়ন পরিষদের কাজে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির জন্য নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়নের যুবক-যুবতীদের সম্পৃক্তকরণ।

**প্রায়োগিক গবেষণা এলাকা: কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বিজয়পুর ও বারপাড়া ইউনিয়ন।**

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালক এবং সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান স্টার কম্পিউটারের একজন প্রতিনিধি প্রকল্পভুক্ত বিজয়পুর ইউনিয়ন পরিষদ এর ইউপিএমএস সফটওয়্যার এর বর্তমান অবস্থা যাচাই করেন। ইউপিএমএস সফটওয়্যার এর হালনাগাদ তথ্য সংগ্রহ করা হয় এবং ইউনিয়ন পরিষদ কর তফসিল (২০১৩) এর আলোকে কর তফসিল সম্পর্কিত মডিউল হালনাগাদ করার বিষয়ে ইউনিয়ন পরিষদ সচিব এর সাথে মতবিনিময় করা হয়। উক্ত মতবিনিময়ে উঠে আসা বিভিন্ন বিষয়ের আলোকে ইউনিয়ন ম্যানেজমেন্ট সফটওয়্যার এ কর তফসিল যুক্ত করার জন্য প্রয়োজনীয় কাজ চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রকল্পের বাজেট অনুমোদন করার কাজ চলমান রয়েছে। বাজেট পাস হলে প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে। কোর্সের প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে নির্ধারণ করা হয় । এ সম্পর্কিত প্রাথমিক কাজ চলমান রয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১১.০০ লক্ষ টাকা।

**২.৫ শিরোনাম: কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি বিষয়ক প্রায়োগিক গবেষণা (দ্বিতীয় পর্যায়)।**

**উদ্দেশ্যঃ** প্রকল্পের প্রধান উদ্দেশ্য হচ্ছে কাওমি মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের সাবলম্বী হতে সহায়তা করা।

**প্রায়োগিক গবেষণা এলাকাঃ কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলা।**

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** ট্রেডভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে উপযুক্ত ছাত্র নির্বাচনে মাদ্রাসাগুলোর সাথে যোগাযোগ চলমান আছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১৫.৫০ ল টাকা।

**২.৬ শিরোনামঃ গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কম্যুনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান জোরদারকরণ শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর অন্তর্ভূক্তিতে কম্যুনিটির অংশগ্রহণে সামাজিক ও মন মনস্তাত্ত্বিক সহায়তা প্রদান করার পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আয়ের সুযোগ সৃষ্টি করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার আদর্শ সদর, সদর দক্ষিণ, বুড়িচং ও ব্রাহ্মণপাড়া উপজেলার ১২টি গ্রামে প্রাপ্যতার ভিত্তিতে সম্ভাব্য ৪০০ পরিবার।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণার আওতায় "প্রাথমিক স্বাস্থ্যসেবা ও কেয়ার গিভার তৈরী" বিষয়ক একটি প্রশিক্ষণ কোর্স গত ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ মেয়াদে আয়োজন করা হয়। কুমিল্লাস্থ সমাজসেবা কার্যালয়ের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে দীঘলগাঁও সংগঠনভূক্ত একজন থ্যালাসেমিয়া রোগীর জন্য আর্থিক অনুদার প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়েছে। CRP এর সাথে লিংকেজ স্থাপনের লক্ষ্যে বিদ্যমান কর্মপরিকল্পনা পুনর্মূল্যায়ন করা হয়েছে। গত ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ ও জানুয়ারি ২০২৫ সময়ে উজিরপুর, দীঘলগাঁও সংগঠনে বিশেষ গ্রাম সভা/উঠান বৈঠক আয়োজন করা হয়। ৩য় ত্রৈমাসিকে নতুন কোনো গ্রাম সংগঠন তৈরি করা হয়নি। কিন্তু নতুন সংগঠন তৈরীর লক্ষ্যে কুমিল্লাস্থ প্রতিবন্ধী সংস্থা "ইউনিসার্ভ বাংলাদেশ" পরিদর্শন করা হয়েছে। এছাড়া কুমিল্লাস্থ দাউদকান্দি এলাকায় একটি সংগঠন তৈরীর লক্ষ্যে শীঘ্রই সম্ভাব্যতা যাচাই করা হবে। ৩য় ত্রৈমাসিকে কোনো ক্যাম্পেইন কর্মশালা আয়োজন করা সম্ভবপর হয়নি। প্রায়োগিক গবেষণার সুফলভোগীদের জন্য সুস্থ চিত্তবিনোদনের ব্যবস্থা করা (কমন প্লাটফর্ম নির্ধারণ) হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৬.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩.২৫ লক্ষ টাকা।

**২.৭ শিরোনাম : গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** গ্রামীণ নারীদের বিশেষত সুবিধা বঞ্চিত ও দারিদ্র্য পীড়িত পরিবারের নারীদেরকে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডের মূল স্রোতধারায় সক্রিয় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি এবং টেকসই শিক্ষার মাধ্যমে আত্ন-সক্রিয়তা অর্জন ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নপূর্বক নারীর দারিদ্র্য নিরসন ও ক্ষমতায়িত করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার আদর্শ সদর, সদর দক্ষিণ, বুড়িচং ও বরুড়া উপজেলার ২৪টি গ্রাম।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রতিবেদনাধীন সময়ে "টেইলার্িং, গার্মেন্টস ম্যানুফেকচারিং এন্ড ফ্যাশান ডিজাইন" বিষয়ক ০১ টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয় যেখানে মোট ২১ জন প্রশিক্ষণার্থী অংশ নেয়। প্রতিবেদনাধীন সময়ে সমিতিগুলোতে ০১টি বার্ষিক সাধারণ সভা ও ০১ টি কর্মশালার আয়োজন করা হয়। সঞ্চয় ও ঋণ কার্যক্রম কম্পোনেন্টের অধীনে ৩য় ত্রৈমাসিকে সুফলভোগীদের মাঝে ৬.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ৫.৩০ লক্ষ টাকা ঋণ আদায় এবং সমিতিসমূহে ১৩.৯৪ লক্ষ টাকা সঞ্চয়কৃত হয়। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ১৩.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময়ে ব্যয়ড৮.৯১ লক্ষ টাকা।

**৩. উৎপাদনশীলতা বৃদ্ধির পদ্ধতি প্রবর্তন**

**৩.১ শিরোনামঃ "কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা " শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** ধান উৎপাদন খরচ কমিয়ে আনার জন্য চাষাবাদে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার, মাঠ পযায়ের কৃষকদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ এবং প্রাপ্ত প্রায়োগিক গবেষণার ফলাফলের ভিত্তিতে সরকারের নীতি নির্ধারণে পরামর্শ প্রদান করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:**কুমিল্লা জেলার লাকসাম ও আদর্শ সদর উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটি সম্পন্ন করা হয়েছে। গবেষণালব্ধ ফলাফল সেমিনারে উপস্থাপন করা হবে এবং লব্ধ মতামতের প্রেক্ষিতে পরবর্তীতে পদক্ষেপ গ্রহন করা হবে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৫.০০ লক্ষ টাকা।

**৩.২ শিরোনাম: কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে প্লাবনভূমিতে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** স্থানীয় কমিউনিটিকে উদ্বুদ্ধ করে বর্ষাকালে পতিত জলাশয়ে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদনের মাধ্যমে প্লাবনভূমির উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন এই প্রায়োগিক গবেষণার মূল উদ্দেশ্য।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার মনোহরগঞ্জ ও লাকসাম উপজেলার দু'টি ইউনিয়ন।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটির আওতাভুক্ত প্লাবনভূমির মাছ আহরণে কমিউনিটির সভা করা হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটি নির্বাচন করে মাছ আহরণ ও বিক্রয় করা হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১.৫০ লক্ষ টাকা।

**৩.৩ শিরোনাম: "গ্রাম উন্নয়ন সংগঠনের মাধ্যমে কৃষি উদ্যোক্তা সৃজন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** কর্মসূচির মূল উদ্দেশ্য হলো- প্রকল্পটির মাধ্যমে সৃজিত গ্রাম উন্নয়ন সংগঠনসমূহের স্থায়ীত্বশীলতা বৃদ্ধি এবং আধুনিক কৃষি কর্মকাণ্ডের মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের টেকসই অর্থনৈতিক উন্নয়ন।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও আদর্শ সদর উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষন কম্পোনেন্টের আওতায় "পিয়ার লার্নিং পদ্ধতিতে গ্রামীণ সংগঠনের মাধ্যমে কেঁচোসার উৎপাদন, ব্যবহার ও বিপণন" শীর্ষক ০১টি প্রশিক্ষণ কোর্স ও "জৈব সার (কেঁচোসার) প্রয়োগে শীতকালীন সবজি (ব্রোকলি, ফুলকপি, বাঁধাকপি, টমেটো ও গোলআলু) উৎপাদনের ফলন" বিষয়ক ০১টি মাঠ দিবস (কৃষক দিবস) বাস্তবায়ন করা হয়। প্রকল্প এলাকায় আধুনিক জৈবসারের ব্যবহার সম্প্রসারণের উদ্দেশ্যে কেঁচোসার উৎপাদনের জন্যে সুফলভোগীদের মাঝে ২৮০টি রিং বিতরণ করা হয়। প্রতিবেদনকালীন সময়ে সঞ্চয় ও ঋণ কার্যক্রম কম্পোনেন্টের অধীনে সুফলভোগীদের মাঝে ৪৫.৫৮ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ৩.৬৯ লক্ষ টাকা ঋণ আদায় হয়েছে এবং সমিতিতে ৮.৫৩ লক্ষ টাকা সঞ্চয়কৃত হয়। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১৫.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯.৭৬ লক্ষ টাকা।

**৩.৪ শিরোনাম: "অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়নে অভিযোজন পদ্ধতিতে কৃষিকাজ এবং বিভিন্ন অকৃষি কার্যক্রমে উদ্ধুদ্ধ করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** পুরাতন চরচাষী গ্রাম, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ; নতুন হাসনাবাদ গ্রাম, দাউদকান্দি উপজেলা, কুমিল্লা ও চর কাঁঠালিয়া গ্রাম, মেঘনা উপজেলা, কুমিল্লা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** মাঠ কর্মীর সহায়তায় কর্ম-পরিকল্পনার কম্পোনেন্টভিত্তিক কার্যক্রম বিষয়ে ০৩টি চরের সমিতির সুফলভোগীদের সাথে মোট ০৯ টি সভা করা হয়েছে। সমিতির সুফলভোগীদের দ্বারা বাড়ির আঙ্গিনায় শীতকালীন শাক-সবজীর চাষাবাদ করা হয়েছে। এছাড়া, প্রকল্পের চরে ১২জন কৃষক সুফলভোগীর দ্বারা ৪২০ শতক জমিতে তিল চাষাবাদের জন্য ২৮ কেজি বীজ প্রদান করা হয়েছে। তিনটি চরে ১২ জন চাষী দ্বারা ভূট্টার চাষাবাদ করা হয়েছে। পুরাতন চর-চাষী গ্রামে সর্জনের পুকুরে দলবদ্ধ চাষীগণ মাছের পোনা ছেড়েছেন। মৌসুমী শাক-সবজী যেমন: লাউ, পেপে ইত্যাদির চাষ হচ্ছে। পুকুরের উপরে মাচাঁয় উন্নত জাতের ফাউমি মুরগী পালন হচ্ছে। পুরাতন চরচাষী গ্রামে তিনটি মাছের খাঁচার তেলাপিয়া ও পাঙ্গাস মাছের চাষ হচ্ছে। ইতোমধ্যে, দুটি খাঁচার মাছ ধরা হয়েছে। চরের সুফলভোগী সদস্য, দোকানদার, কমিউনিটি পর্যায়ের নারী ও স্কুলের শিশুদের থেকে পলি বর্জ্য ভর্তি বস্তা গ্রহণ করা হয়েছে এবং নতুন কিছু বস্তা প্রদান করা হয়েছে। তিনটি চরে সমিতিসমূহের সদস্যদের থেকে মুসাফাসহ ঋণ আদায় হয়েছে ১.০২ লক্ষ টাকা ও সঞ্চয় আদায় ০.৬৯ লক্ষ টাকা। প্রকল্পের ৫০ জন সুফলভোগী কৃষক নিয়ে এক দিনব্যাপী সমন্বিত পদ্ধতিতে শস্য ও শাক-সবজি চাষাবাদে চরবাসীর ভূমিকা শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়।

**৩.৫ শিরোনাম: গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ জীবনমান উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** পল্লী এলাকায় গ্রামীণ ঐতিহ্য, প্রাকৃতিক সৌন্দর্য ও সংস্কৃতির উপর ভিত্তি করে গ্রামীণ পর্যটনের বিকাশের মাধ্যমে পল্লীর জীবনমান উন্নয়ন করা, গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি করা, পল্লী এলাকায় গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে শহরের সুবিধাসমূহ গ্রামে স্থানান্তরের প্রচেষ্টা নেয়া এবং পল্লী পর্যটন বিকাশের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের একটি মডেল উদ্ভাবন করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস ও কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও লালমাই উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** প্রায়োগিক গবেষণাটির বেজলাইন সার্ভে চলমান রয়েছে। গবেষণাটির প্রশিক্ষণ কর্মসূচির আওতায় "গ্রামীন পর্যটন বিকাশের মাধ্যমে পল্লী উন্নয়ন" শীর্ষক ০১টি প্রশিক্ষণ কোর্স আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ০৫.০০ লক্ষ টাকা।

**৩.৬ শিরোনাম: বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি উপকরণ সহায়তা শীর্ষক প্রায়োগিক গবেষনা।**

**প্রায়োগিক গবেষণা এলাকা:** আদর্শ সদর, সদর দক্ষিণ, বুড়িচং উপজেলা; কুমিল্লা

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৫):** বন্যায় ক্ষতিগ্রস্ত ৪০০ জন কৃষকের মাঝে ২০০০ কেজি ধানের বীজ বিতরণ করা হয়; এতে প্রতি জন কৃষক ০৫ কেজি ধানের বীজ প্রাপ্ত হন। ক্ষতিগ্রস্ত কৃষকের মাঝে হাইব্রীড পেপে, মরিচের চারা ও সবজি বীজ বিতরন করা হয়েছে। এছাড়াও, ক্ষতিগ্রস্তদের মাঝে হাঁস ও মুরগীর বাচ্চা বিতরণ এবং মাছের পোনা বিতরনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রায়োগিক গবেষণাটির বাজেট ০৬.৩০ ল টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ব্যয় ১.৩১ ল টাকা।

**৪.০ শিরোনাম: "Saemaul Plus End Poverty Program (SPEPP)" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প**

KOICA এর অনুদান সহায়তায় প্রস্তাবিত প্রকল্পের অগ্রগতিঃ প্রস্তাবিত প্রকল্পটিতে আরডিএ, বগুড়া ও এনআইএলজি, ঢাকা-কে বাস্তবায়নকারী অংশীদারি প্রতিষ্ঠান হিসেবে সম্পৃক্ত করার বিষয়ে গত ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে পউসবি-তে একটি সভা অনুষ্ঠিত হয়। এ পরিপ্রেক্ষিতে KOICA Expert Team উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে পরিদর্শন করেন এবং গত ০৯ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে ঢাকাস্থ সিরডাপ মিলনায়তনে KOICA Expert Team-Gi সাথে Wrap-up সভা অনুষ্ঠিত হয় । সভায় প্রকল্প প্রস্তাবনায় কিছু সুপারিশ PCP-তে অন্তর্ভুক্ত করে "Saemaul Plus End Poverty Program (SPEPP)" শিরোনামে প্রকল্পটির সংশোধিত PCP ও LOও ইআরডি-এর মাধ্যমে KOICA Bangladesh অফিসে গত ০৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রেরণ করা হয় । পরবর্তীতে প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩০ মিলিয়ন মার্কিন ডলার হতে ৩৮.৮১ মিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধি করার বিষয়টি KOICA Bangladesh অফিস বার্ডকে অবহিত করে পত্র প্রেরণ করে। এরই পরিপ্রেক্ষিতে সংশোধিত PCP-wU ERD-এর মাধ্যমে KOICA ইধহমষধফবংয অফিসে পুনরায় প্রেরণ করা হয়। বর্তমানে পরিকল্পনা মন্ত্রনালয় কর্তৃক প্রণীত সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ অনুমোদন ও সংশোধন নির্দেশিকা এর ৭.১ অনুচ্ছেদ অনুসরণে "Saemaul Plus End Poverty Program (SPEPP)" শীর্ষক প্রকল্পের চউচচ প্রণয়ন করে মন্ত্রনালয়ের মাধ্যমে ইয়ারডি-তে প্রেরণ করা হয়েছে।

# বার্ডের গবেষণা কার্যক্রম
## জানুয়ারি-মার্চ ২০২৫

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) সূচনা লগ্ন থেকেই পল্লী দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা পরিচালনা করে আসছে। গ্রামীণ জীবনে বিদ্যমান সমস্যার কার্যকর সমাধানের উপায় উদ্ভাবনই বার্ডের গবেষণার মূল লক্ষ্য। বার্ডের গবেষণার ফলাফল সরকারের নীতি নির্ধারণী পর্যায়ে সহায়তা প্রদান করে থাকে, যার ফলে পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রভূত উন্নয়ন সাধিত হচ্ছে। বার্ডের গবেষণা ফলাফলের ওপর ভিত্তি করে পরবর্তীতে প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। তাছাড়া, গবেষণার ফলাফলের ভিত্তিতে বার্ডের নিজস্ব প্রশিক্ষণ কোর্সের উপকরণ তৈরি করা হয় এবং তা প্রশিক্ষণ ক্লাশে ব্যবহার করা হয়। বার্ড নিজস্ব অর্থায়নে পরিচালিত গবেষণা ছাড়াও দাতা ও সহযোগী সংস্থার অর্থায়নে গবেষণা পরিচালনা করে থাকে। বার্ডের অভিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রকল্প মূল্যায়নেও অবদান রাখছে। বার্ড নিয়মিত গবেষণা কার্যক্রমের মাধ্যমে পল্লীর উন্নয়নে অব্যাহতভাবে কার্যকর ভূমিকা রেখে চলেছে। উল্লেখ্য, বার্ড বরাবরই জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন নীতি অনুসরণ করে গবেষণা পরিচালনা করে থাকে। সাম্প্রতিক সময়ে জাতিসংঘ কর্তৃক গৃহীত ঝঁংঃধরহধনষব উবাবষড়ঢ়সবহঃ এড়ধষং -কে সামনে রেখে গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়াও সরকারের প্রাধিকারভুক্ত বিষয়ের আলোকে পল্লী উন্নয়ন তথা জাতীয় উন্নয়নকে টেকসই করতে বার্ড গবেষণা পরিচালনা করছে।

নিম্নে বার্ডের গবেষণা কার্যক্রমের হালনাগাদ তথ্য প্রদান করা হলোঃ

বার্ডের বিভিন্ন পর্যায়ের চলমান গবেষণাসমূহের শিরোনাম নিম্নরূপঃ

1. Land Tenure, Crop Choice and Land Productivity: Recent Change in Rural Bangladesh
2. Potentials of Women in Agricultural Entrepreneurship in Bangladesh
3. Exploring the Growth of Qawmi Madrasas in Bangladesh: Economic, Religious, and Social Dimensions
4. Reintegration of Returnee Migrant Workers in Rural Bangladesh
5. Shifting of Labour Employed in the Agricultural Sector: Dynamics and Future Challenges
6. Dietary Patterns and Nutritional Status of Adolescent Girls in Rural Bangladesh
7. Rural Socio-Economic Transformation 2.0 in Bangladesh. A Historical and Future Perspective
8. Governance Transition and Public Service Challenges: A Study on Upazila Parishads in Cumilla District
9. Digital Literacy among Rural Unemployed Youths
10. Potato marketing channel in Bangladesh
11. Constraints and Likelihoods of the Livelihoods Improvement in Haor Ecosystem of Brahmanbaria District
12. Evaluating the Effectiveness of E-payments in Social Safety Net Program
13. Climatically Displacement in Coastal Bangladesh: Investigating Potential Adaptation Strategies
14. Assessing the Impact of Grihayan Tohobil on the Livelihood Development of Poor Communities in Bangladesh
15. Post Flood Recovery Strategies of the Small Entrepreneurs: A Situational Analysis
16. Rural Transformation in Cumilla: A Longitudinal Study
17. Integrated Mechanized Rice Farming (Somoloy) in Bangladesh: Problems & Prospects
18. Managing Contract Farming in the Poultry Sector in Rajshahi Division
19. Effectiveness of Training Courses of CVDP (renamed)
20. The 4th Industrial Revolution (4IR) and the Changing Patterns of Employment: Readiness of Rural Youth in Bangladesh
21. Adoption and Integration of ICT by Secondary School Teachers in Rural Schools of Bangladesh: An Analysis Using the Technology Acceptance Model
22. Public Service Delivery by the Union Land Office: ClientÕs Perspective
23. The Patterns of Tenancy in Cumilla Villages
24. Household Coverage in CVDP Villages
25. Patterns of Managing Committees in CVDP Villages
26. Beneficiary Selection Procedures for Safety Net Programs by the Department of Women Affairs
27. Impact of Foreign Remittances in the Rural Households
28. Service Delivery Systems by a Union Parishad
29. Problems of milch cow rearing in a village of Cumilla
30. Assessing the Impact of Grihayan Tohobil on the Livelihood Development of Poor Communities in Bangladesh
31. Micro Credit for Proverty Alliviation and Women Enpowermwnt: Impact and Diterminats
32. Research Proposal On Dynamics of Cultural and Social Systems of the Tripura Communities in Cumilla: An Exploratory Study
33. Role of Local Government Institutions in Urbanization: Assessing Impact of Upazila System in Banglades

বার্ডের সম্প্রতিক সম্পাদিত গবেষণাসমূহ নিম্নরূপ

১. আইলবিহীন কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা: বার্ডের প্রায়োগিক গবেষণার আলোকে একটি মূল্যায়ন

২. Occupational Diversification of Rural Women: Trends in the Last Three Decades

৩. Dairy and Beef Farming Scenario in selected Areas of cumilla and Brahmanbaria District. (Sponsored by BARD & Bangladesh Agricultural University)

৪. বিআরডিবিকে শক্তিশালীকরণ: সমস্যা ও সম্ভাবনা (বিআরডিবি'র পরিচালনা পর্ষদের অনুরোধে)

৫. People's Participation in Community Development: Situation Analysis of Chittagong Hill Tracts

৬. Agroforestry in Achieving Food Security of Upland Smallholders: A Case on Lalmai Hill Areas of Cumilla District

৭. Climate Change Effects on the Coastal Livelihoods: A Case of South-Western Bangladesh.

৮. Efficiency of Solar Power Irrigation and Fallow Land Utilization in Selected Villages of Cumilla District

বার্ডের সম্প্রতি প্রকাশিত গবেষণাসমূহ নিম্নরূপঃ

১. People's Participation in Community Development: Situation Analysis of Chittagong Hill Tracts

২. nnual Report 2023-24
Annual Plan 2024-25


৩. Annual Plan 2024-25

৪. পল্লী উন্নয়ন বাংলা জার্নাল ২৬ তম সংখ্যা

৫. The Journal of Rural Development Volume 46, Number 1, July 2023

৬. News Letter Volume 31: No-03

# বাংলাদেশে নতুন স্বাক্ষর প্রকল্প নিয়ে আলোচনা করতে RDCD সচিবের সাথে OICA-এর কান্ট্রি ডিরেক্টরের সাক্ষাৎ



*KOICA-এর কান্ট্রি ডিরেক্টর, মিঃ কিম তাইয়ং, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের (RDCD) সচিব জনাব মোঃ নজরুল ইসলামের সাথে দেখা করেন।*

কোরিয়ায় আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (KOICA)-এর কান্ট্রি ডিরেক্টর, জনাব কিম তাইয়ং, ৯ জানুয়ারী ২০২৫ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের (RDCD) সচিব জনাব মোঃ নজরুল ইসলামের সাথে একটি গুরুত্বপূর্ণ বৈঠক করেন, যেখানে তিনি বাংলাদেশে গ্রামীণ উন্নয়ন জোরদার এবং টেকসই প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে একটি রূপান্তরমূলক নতুন স্বাক্ষর প্রকল্প চালু করার বিষয়ে আলোচনা করেন। BARD-এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব সাইফ উদ্দিন আহমেদ সহ KOICA বাংলাদেশ অফিস এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তারা এই সভায় উপস্থিত ছিলেন।

RDCD সচিবের কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে সুশাসন, জীবিকা বৃদ্ধি এবং সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা সহ গ্রামীণ এলাকায় গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য পরিকল্পিত একটি উচ্চ-প্রভাবশালী উদ্যোগের ধারণা এবং পরিকল্পনার উপর আলোকপাত করা হয়। আসন্ন এই প্রকল্পটি KOICA এবং বাংলাদেশের মধ্যে দীর্ঘস্থায়ী অংশীদারিত্ব এবং টেকসই গ্রামীণ উন্নয়ন অর্জনের জন্য তাদের যৌথ দৃষ্টিভঙ্গির উপর জোর দেয়। কঙওঈঅ-এর কান্ট্রি ডিরেক্টর প্রকল্পের সম্ভাবনা সম্পর্কে উৎসাহ প্রকাশ করে বলেন, "এই নতুন স্বাক্ষর প্রকল্পটি বাংলাদেশের সাথে আমাদের অংশীদারিত্বের একটি মাইলফলক। এটি গ্রামীণ সম্প্রদায়ের জন্য সামগ্রিক গ্রামীণ উন্নয়ন, স্থিতিস্থাপকতা তৈরি এবং জীবনযাত্রার মান উন্নত করার জন্য KOICA-এর প্রতিশ্রুতি প্রতিফলিত করে।" RDCD-এর সচিব বাংলাদেশের উন্নয়ন যাত্রায় KOICA-এর ধারাবাহিক অবদানের প্রশংসা করে বলেন, "আমরা প্রভাবশালী কর্মসূচি গঠনে কঙওঈঅ-এর দক্ষতা এবং সহায়তাকে মূল্যবান বলে মনে করি। এই নতুন উদ্যোগ নিঃসন্দেহে টেকসই উন্নয়নকে এগিয়ে নিতে এবং আমাদের গ্রামীণ সম্প্রদায়ের ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট (BARD) প্রস্তাবিত প্রকল্প "টেকসই গ্রামীণ উন্নয়নের ক্ষমতা বৃদ্ধি" ক্ষমতা বৃদ্ধি, উদ্ভাবনী অনুশীলন প্রবর্তন এবং গ্রামীণ সম্প্রদায়ের অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি প্রচারের জন্য ডিজাইন করা হয়েছে। নতুন স্বাক্ষর প্রকল্পটি (K-Cumilla) কোরিয়ান গ্রামীণ উন্নয়নের অভিজ্ঞতা-Saemaul Undong Plus এবং গ্রামীণ উন্নয়নের কুমিল্লা মডেল বাস্তবায়ন করবে বলে আশা করা হচ্ছে। এটি সুশাসন, কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য উদ্ভাবনী সমাধানের ব্যবহার, গ্রামীণ শিক্ষার উন্নতি, নারীর ক্ষমতায়নের মতো ক্ষেত্রগুলিতে মনোনিবেশ করবে, যার লক্ষ্য এই অঞ্চলের আর্থ-সামাজিক কাঠামোর উপর দীর্ঘস্থায়ী প্রভাব তৈরি করা।

এই বৈঠকের আগে KOICA বাংলাদেশ অফিসের উচ্চপদস্থ কর্মকর্তাসহ সম্মানিত কোরিয়ান বিশেষজ্ঞদের একটি প্রতিনিধিদল বাংলাদেশ গ্রামীণ উন্নয়ন একাডেমি (BARD), BRDTI, RDA, NILG এবং গ্রামীণ সম্প্রদায় পরিদর্শন করেছেন।

উভয় পক্ষই প্রকল্পটিকে বাংলাদেশের জাতীয় উন্নয়ন অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ করার গুরুত্বের উপর জোর দিয়েছে, যার মধ্যে রয়েছে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) এর রূপকল্প, এবং দীর্ঘমেয়াদী প্রভাব নিশ্চিত করার জন্য জলবায়ু অভিযোজন কৌশলগুলিকে একীভূত করা। KOICA এবং RDCD অংশগ্রহণমূলক এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নকে উৎসাহিত করার জন্য তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। প্রকল্পটি সম্প্রদায়-নির্দিষ্ট চাহিদা পূরণ এবং প্রান্তিক গোষ্ঠীর জন্য সর্বাধিক সুবিধা নিশ্চিত করার জন্য স্থানীয় অংশীদারদের সাথে জড়িত করার বিষয়ে তারা সম্মত হয়েছে।

# বার্ডে বিভিন্ন ক্যাডারের ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি উদ্বোধন




*বার্ড-এ বিভিন্ন ক্যাডারের ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচির প্রশিক্ষণার্থীদের সাথে বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহম*

অদ্য ২৬ জানুয়ারি ২০২৫ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমিতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) থেকে আগত বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' বিষয়ক সংযুক্তি কর্মসূচি উদ্বোধন করা হয়েছে। পাঁচ দিন ব্যাপী এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। সভাপতি তাঁর বক্তৃতায় বলেন, উন্নত রাষ্ট্র গঠনে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণ কর্মকর্তাদের দক্ষ করে তোলে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিচালক (প্রশিক্ষণ) জনাব আবদুল্লাহ আল মামুন। কোর্সের দুইটি সেকশন এর কোর্স পরিচালকের পক্ষ থেকে বক্তব্য রাখেন সেকশন-ই এর কোর্স পরিচালক জনাব মোঃ আবু তালেব, যুগ্মপরিচালক, বার্ড। উক্ত কোর্সে সেকশন-অ এর কোর্স পরিচালক হিসেবে দায়িত্বে রয়েছেন জনাব আফরীন খান, যুগ্মপরিচালক। সেকশন-অ এবং সেকশন-ই এর সহযোগী কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন যথাক্রমে জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক এবং জনাব শারমিন শাহরিয়া, উপপরিচালক। কোর্স দুটিতে সমন্বয়কের দায়িত্ব পালন করছেন জনাব রাখি নন্দী, উপপরিচালক। উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণ কোর্স এ বিভিন্ন ক্যাডারের ১০০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন।




*বার্ড এবং শিসউক এর যৌথ উদ্যোগে "Promoting Agroecology with Community Enterprise Approach" শীর্ষক প্রায়োগিক গবেষণার কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালায় সভাপতির বক্তব্য রাখছেন বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব আবদুল্লাহ আল মামুন, পরিচালক (প্রশিক্ষণ), বার্ড এবং স্বাগত বক্তব্য রাখেন জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (প্রকল্প), বার্ড। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব শাকিউল মিল্লাত মোর্শেদ, নির্বাহী পরিচালক, শিসউক। কর্মশালা পরিচালক ও কর্মশালা সমন্বয়কের দায়িত্ব পালন করেন যথাক্রমে জনাব মোঃ আবু তালেব, যুগ্মপরিচালক এবং জনাব মোঃ সালেহ আহমেদ, সহকারী পরিচালক, বার্ড।*

উপদেষ্টা সম্পাদক
সাইফ উদ্দিন আহমেদ
মহাপরিচালক, বার্ড

সম্পাদক
ড. আনোয়ার হোসেন ভূঁইয়া
পরিচালক, বার্ড

সহযোগী সম্পাদক
রহমত উল্যাহ
সহকারী পরিচালক, বার্ড

মহাপরিচালক, বার্ড
কোটবাড়ী, কুমিল্লা কর্তৃক প্রকাশিত

ইন্ডাস্ট্রীয়েল প্রেস, কুমিল্লা।
E-mail : ind.press09@gmail.com

গ্রাম উন্নয়ন

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা-৩৫০৩
ফোন : +৮৮-০২৩৩৪৪০০৬০১-৬
ফ্যাক্স : +৮৮-০২৩৩৪৪০০৪০৬
ই-মেইল : dg@bard.gov.bd
training.bard@gmail.com
ওয়েব সাইট : www.bard.gov.bd

BOOK POST